ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৫৪২

আগরতলা, ১ নভেম্বর, ২০২৫

## সচিবালয়ে টাস্ক মনিটরিং ব্যবস্থা নিয়ে উচ্চ পর্যায়ের সভা অনুষ্ঠিত



আজ সচিবালয়ের ২নং সভাকক্ষে টাস্ক মনিটরিং ব্যবস্থা নিয়ে এক উচ্চ পর্যায়ের সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মুখ্যমন্ত্রীর সচিব ড. প্রদীপ কুমার চক্রবর্তী। সভায় তিনি বলেন, নাগরিক সুবিধা প্রদানে প্রতিটি দপ্তরকে সমন্বয় রেখে কাজ করতে হবে। কোন বিষয়ে সমস্যা দেখা দিলে তা সঙ্গে সঙ্গেই নিরসনের উদ্যোগ নেওয়ার জন্য দপ্তরগুলিকে সচেষ্ট থাকতে হবে। এক্ষেত্রে টাস্ক মনিটরিং ব্যবস্থার সঙ্গে যুক্ত প্রতিটি জেলার নোডাল অফিসারদের আরও গুরুত্ব সহকারে কাজ করার আহ্বান জানান তিনি। সভায় এছাড়াও বক্তব্য রাখেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিম্বিসার ভট্টাচার্য, স্বাস্থ্য দপ্তরের পিআরও পারিজাত দত্ত প্রমুখ। সভায় এছাড়াও উপস্থিত ছিলেন তথ্য ও প্রযুক্তি, আরক্ষা, পূর্তদপ্তর সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।

*****